

📃 আর-রুম | Ar-Rum | ٱلرُّوم

আয়াতঃ ৩০ : ৪৫

আরবি মূল আয়াত:

لِيَجزِىَ الَّذِينَ أَمَنُوا وَ عَمِلُوا الصَّلِحَتِ مِن فَضلِهِ ؟ إِنَّهُ لَا يُحِبُّ الكَفِرِينَ ﴿٢٥﴾

যেন তিনি স্বীয় অনুগ্রহে প্রতিদান দেন, যারা ঈমান আনে এবং সৎকাজ করে তাদেরকে। নিশ্চয় তিনি কাফিরদের ভালবাসেন না। — আল-বায়ান

যাতে তিনি স্বীয় অনুগ্রহভান্ডার থেকে তাদেরকে পুরস্কৃত করতে পারেন যারা ঈমান আনে ও সৎ কাজ করে। তিনি কাফিরদেরকে ভালবাসেন না। — তাইসিরুল

কারণ যারা ঈমান আনে ও সৎ কাজ করে, তিনি (আল্লাহ) তাদেরকে নিজ অনুগ্রহে পুরস্কৃত করেন। তিনি কাফিরদেরকে পছন্দ করেননা। — মুজিবুর রহমান

That He may reward those who have believed and done righteous deeds out of His bounty. Indeed, He does not like the disbelievers. — Sahih International

৪৫. যাতে করে আল্লাহ যারা ঈমান আনে ও সৎকাজ করে তাদেরকে নিজ অনুগ্রহে পুরস্কৃত করেন। নিশ্চয় তিনি কাফিরদেরকে পছন্দ করেন না।

তাফসীরে জাকারিয়া

- (৪৫) কারণ, যারা বিশ্বাস করে ও সৎকাজ করে, আল্লাহ তাদেরকে নিজ অনুগ্রহে পুরস্কৃত করেন।[1] নিশ্চয় তিনি অবিশ্বাসীদেরকে ভালবাসেন না।
 - [1] অর্থাৎ, জান্নাত অর্জনের জন্য শুধু নেকীই ততক্ষণ পর্যন্ত যথেষ্ট নয়, যতক্ষণ পর্যন্ত না তার সাথে আল্লাহর অনুগ্রহ শামিল হবে। সুতরাং তিনি স্বীয় অনুগ্রহে এক এক নেকীর বিনিময় দশ থেকে সাতশ' গুণ পর্যন্ত বৃদ্ধি করে দেবেন।

তাফসীরে আহসানুল বায়ান





• Source — https://www.hadithbd.com/quran/link/?id=3454

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন